# এনফোর্সমেন্ট বুলেটিন

(অক্টোবর, ২০২৫)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. মোঃ কামরুজ্জামান,** *এনডিসি*
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**

**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**

**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**সৈয়দ আহম্মদ কবীর**

**উপপরিচালক**

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**

নভেম্বর ২০২৫

**প্রকাশক**

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**

ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় অক্টোবর/২০২৫ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অক্টোবর/২০২৫ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২৪৯ টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৬৭৬ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৪৩,১৩,০০০/- (তেতাল্লিশ লক্ষ তেরো হাজার) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ৩৮৩৩৪.৭ কেজি পলিথিন ও ৩৫৪ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২৫৬ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ৪,৪২,১৫,৭৬৬/- (চার কোটি বিয়াল্লিশ লক্ষ পনের হাজার সাতশত ছেষট্টি) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ২১ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

সৈয়দ ফরহাদ হোসেন

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় অক্টোবর ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক অক্টোবর ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | অক্টোবর ২০২৫ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | অক্টোবর ২০২৫ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় অক্টোবর ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



*চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ*



*ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি*

অক্টোবর ২০২৫ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২৫৬ (দুইশত ছাপ্পান্ন) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৪,৪২,১৫,৭৬৬/- (চার কোটি বিয়াল্লিশ লক্ষ পনের হাজার সাতশত ছেষট্টি) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ২,১৫,২২,১৮৭/- (দুই কোটি পনেরো লক্ষ বাইশ হাজার একশত সাতাশি) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক অক্টোবর ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম ঃ




*চিত্র: অক্টোবর/২০২৫ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ*

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড।

**০৫ অক্টোবর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার ইয়ন ফার্মাসিউটিক্যালস লিমিটেড কে ৮ হাজার ৩৭০ টাকা; সাউথ ওয়েস্ট কম্পোজিট লিঃ কে ১ লক্ষ ৩ হাজার ৯৫০ টাকা; শিলমুন স্পেশালাইজড হসপিটাল কে ১০ হাজার ৩৯৫ টাকা; সাদমা ফ্যাশন ওয়্যার লিঃ কে  ৭ লক্ষ ৮৪ হাজার টাকা; এসকে ডিজাইন বিডি কে ৪৩ হাজার ২০০ টাকা; ঢাকা জেলার আশা ফার্নিচার কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; তাজ ফার্নিচার কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; বিসমিল্লাহ ফার্নিচার কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; এন এন ওভেন লেভেল এন্ড এক্সেসরিজ কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; টাংগাইল জেলার উত্তরা রোটোর্স ইয়ার্ন মিলস লিমিটেড কে ১ লক্ষ টাকা এবং উত্তরা স্পিনিং মিলস লিমিটেড কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক গাজীপুর ও ঢাকা মহানগরের বসিলা এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৫৬ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। এছাড়াও গাজীপুর জেলায় ০১ টি পলিথিন কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাটির কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ২২,৫০০/- (বাইশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের রামপুরা ও রাজবাড়ী জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৯,০০০/-(নয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে  ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬ (খ) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান জেলায় পাহাড় কর্তনের বিরুদ্ধে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০৬ অক্টোবর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নরসিংদী জেলার মদিনা টেক্সটাইল মিলস কে  ৬ লক্ষ ২০ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার আজাদ নীট ডাইং এন্ড গার্মেন্টস প্রাঃ লিঃ কে ৩ লক্ষ ২৪ হাজার ৪৮০ টাকা; রুবেল ডাইং লিমিটেড কে ১ লক্ষ টাকা; ঢাকা জেলার বাদল ইঞ্জিনিয়ারিং এন্ড ষ্টীল ফেব্রিকেশন কে স্থানান্তরের নির্দেশ এবং মুন্সীগঞ্জ জেলার মাতৃভূমি ডেভেলপার এন্ড প্রপার্টিজ লিমিটেড কে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের গুলশান-১ এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের খিলক্ষেত ও রমনা এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ২৩,০০০/-(তেইশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে  ঢাকা মহানগরের উত্তরা দিয়াবাড়ী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যেমে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**০৭ অক্টোম্বর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে সিরাজগঞ্জ জেলার মোহাম্মদ আলী ডাইং কে ২৫ হাজার টাকা; আব্দুল আজিজ ডাইং কে ২৫ হাজার টাকা; রংপুর জেলার প্রাইড কসমেটিক এন্ড কোম্পানী কে ২৫ হাজার টাকা; ময়মনসিংহ জেলার মেসার্স ঢাকা ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; নওগাঁ জেলার মেসার্স সুমন ফিলিং স্টেশন কে ৫০ হাজার টাকা এবং বগুড়া জেলার মেসার্স এম এম বি ব্রিকস কে ৩ লক্ষ ৭৫ হাজার টাকা  ক্ষতিপূরণ ধার্য করা হয়।




**০৮অক্টোম্বর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে যশোর জেলার দ্যা স্কেইট লিমিটেড কে ২০ হাজার টাকা; বজুল ডাল মিলকে ১৫ হাজার টাকা; বগুড়া জেলার মেসার্স এ টি এস ব্রিকস কে ২ লক্ষ ৫০ হাজার টাকা; খুলনা জেলার জুহি অয়েল মিলকে ১০ হাজার টাকা; কুষ্টিয়া জেলার কাচ্চি ভাই রেস্টুরেন্টকে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; ঠাঁকুরগাঁও জেলার মক্কা ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা এবং পঞ্চগড় জেলার মেসার্স ভাই ভাই স'মিলকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কিশোরগঞ্জ, নওগাঁ, যশোর, রাজবাড়ী ও ঢাকা মহানগরের কাকরাইল ও আজিমপুর এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২০ টি মামলার মাধ্যমে ৩৬,৯০০/-(ছত্রিশ হাজার নয়শত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের মোহাম্মদপুর এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যেমে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। ঢাকা জেলার সাভার উপজেলায় ব্যাটারী লেজ বর্জ্য প্রসেসিং কারখানায় ০২ টি বৈদ্যুতিক মিটার খুলে রাখা হয় এবং কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।




**০৯ অক্টোম্বর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে রংপুর জেলার রেনেসাঁ হসপিটাল  কে  ৫০ হাজার টাকা; নিউ কার্ডিও ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার রেইনবো হাসপাতাল কে ৩৫ হাজার টাকা; রেইনবো ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার রানা ফার্মস এন্ড হ্যাচারী লিঃ কে ৫০ হাজার টাকা এবং সিরাজগঞ্জ জেলার লিলি মার্কেটিং কোম্পানি কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস” অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

**১২ অক্টোবর ২০২৫ :** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁদপুর, শরীয়তপুর, চুয়াডাঙ্গা, নাটোর, চট্টগ্রাম মহানগর ও নওগাঁ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৫২,০০০/- (বাহান্ন হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২৯৫ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক খুলনা ও ঢাকা মহানগরের ওয়ারি ও শ্যামলী এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৪ টি মামলার মাধ্যমে ৩৬,০০০/- (ছৌত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক মেহেরপুর, বগুড়া, নরসিংদী, কুড়িগ্রাম, চট্টগ্রাম মহানগর, খুলনা, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের ওয়ারি, বসিলা ও কাররাইল এলাকায় ১০ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৪০ টি মামলার মাধ্যমে ৬৫,৮০০/-(পয়ষট্টি হাজার আটশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬৮ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) লংঘন করে অবৈধভাবে পরিচালিত টায়ার পাইরোলাইসিস কারখানা দ্বারা পরিবেশ দূষণ করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা জেলার সাভার এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৪০০,০০০/- (চার লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং অবৈধভাবে পরিচালিত ০৪ টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাগুলোর কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা ২০০৮ অনুসারে অবৈধভাবে পরিচালিত হাসপাতাল ডায়াগনস্টিক সেন্টারের বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুড়িগ্রাম জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০,০০০/-(দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে বগুড়া জেলায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি অবৈধ ভাটা হতে ৩৫,০০০/-(পয়ত্রিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ইটভাটাটি বন্ধের নির্দেশনা প্রদান করা হয়।





**১৩ অক্টোবর ২০২৫ :** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে মাদারীপুর জেলার আছমত আলী খান সেন্ট্রাল হাসপাতাল কে ৭০ হাজার টাকা; ঢাকা জেলার সিটি ট্রমা জেনারেল হাসপাতাল কে ৭৫ হাজার টাকা; ইসলামিয়া জেনারেল হাসপাতার কে ৪০ হাজার টাকা; জিতা এ্যাপারেলস লিং কে ১৫ হাজার টাকা; স্ট্যান্ডার্ড কনজুমার এন্ড টয়লেট্রিজ কে ২৫ হাজার টাকা; টাংগাইল জেলার মেডিকেযার ডায়াগনস্টিক সেন্টার কে ১৫ হাজার টাকা; মেসার্স লাবণ্য সুপার এগ্রো ফুড কে কার্যক্রম বন্ধের নির্দেশ; বরিশাল জেলার মেসার্স রাসেল অটো রাইস মিল কে ৫০ হাজার টাকা; রংপুর জেলার মা জেনারেল হাসপাতার কে ৫০ হাজার টাকা; নিউ ফার্স্ট এইড ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২০ হাজার টাকা; কোয়ালিটি ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; বিজিএম হাসপাতাল কে ৪০ হাজার টাকা; রাজবাড়ী জেলার শুকরিয়া মেডিকেল কমপ্লেক্স কে ২০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার প্রভিটা চিকস লিমিটেড কে ১ লক্ষ টাকা; সিরাজগঞ্জ জেলার অনিক পোল্ট্রি ফার্ম কে ৫০ হাজার টাকা; রাজশাহী জেলার এন এ ল্যাবরেটরীজ কে ৪ লক্ষ টাকা এবং গাজীপুর জেলার মেডিলাইট ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের বসিলা মোহাম্মদপুর ও কল্যাণপুর এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩ টি মামলার মাধ্যমে ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। এছাড়াও বি আর টি এ কর্তৃক উক্ত মোবাইল কোর্টে ২৬ টি মামলার মাধ্যমে ৭৩,৫০০/- (তিহাত্তর হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৫ টি ফিটনেস বিহীন যানবাহন ডাম্পিং করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক গাজীপুর, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের শাহআলী মিরপুর এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৩ টি মামলার মাধ্যমে ৩০,৫০০/-(ত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।






১৪ অক্টোম্বর ২০২৫ : তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ, পঞ্চগড় জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ২,০০০/- (দুই হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৩৫ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৯,০০০/- (নয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি পরিবহনের চালককে সতর্ক করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কিশোরগঞ্জ, মাগুরা ও  ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ১২,০০০/-(বারো হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।






**১৫ অক্টোম্বর ২০২৫ :** তারিখে শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক টাঙ্গাইল, সিরাজগঞ্জ, রাজবাড়ী ও  ঢাকা মহানগরের রায়েরবাগ, টিকাটুলি এলাকায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ৩২,০০০/-(বত্রিশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে বায়ুদূষণ করার দায়ে সাভার এলাকায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১টি মামলার মাধ্যেমে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

**১৬ অক্টোবর ২০২৫** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক কুমিল্লা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮৫ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এবং মিরপুর রোড এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ২৬,০০০/- (ছাব্বিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চুয়াডাঙ্গা, কুড়িগ্রাম, চাঁদপুর, মেহেরপুর ও ঢাকা মহানগরের রামপুরা ব্রীজ এবং শ্যামলী এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২২ টি মামলার মাধ্যমে ৩৫,৮০০/-(পঁয়ত্রিশ হাজার আটশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে বায়ুদূষণ করার দায়ে সাভার এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫টি মামলার মাধ্যেমে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।




১৯ অক্টোবর ২০২৫ তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক সাতক্ষীরা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮০০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের হাতিরঝিল এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যমে ১৭,০০০/- (সতের হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের কাকরাইল এবং শ্যামলী এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ২৮,৫০০/-(আটাশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী এবং কাঠ পুড়িয়ে কয়লা তৈরি দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা জেলার সাভার ও ঢাকা মহানগরের আফতাবনগর এবং আদাবর মনসুরাবাদ আবাসিক এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যেমে ১৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।




**২০ অক্টোবর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা মহানগরের কিউর কনসালটেশন এন্ড ডায়াগনস্টিক কে ১৫ হাজার টাকা; মোঃ সোহেল গং এর পলিশ কারখানা কে স্থানান্তরের নির্দেশ, পারফেক্ট টেম্পার্ড এন্ড প্রসেস গ্লাস কে ৫০ হাজার টাকা; মেসার্স গাউছিয়া ফার্নিচার কে স্থানান্তরের নির্দেশ; আহমেদ স্পেশালাইজড হাসপাতাল কে ৩০ হাজার টাকা; ফরিদপুর জেলার ইসলামী ব্যাংক কমিউনিটি হাসপাতাল ফরিদপুর লিঃ কে ৭০ হাজার টাকা; শেরপুর জেলার মেসার্স শুভ স মিল কে ১৫ হাজার টাকা; ময়মনসিংহ জেলার হ্যারী ফ্যাশন লিঃ কে ১ লক্ষ টাকা; গাজীপুর জেলার প্রিন্টার্স এন্ড প্রিন্টস লিঃ কে ৫০ হাজার টাকা; ইয়াসীন নীটেক্স ইন্ডাঃ লিঃ কে ৮ লক্ষ ৮৮ হাজার টাকা; দিনাজপুর জেলার

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

আবু বকর সিদ্দিক এর পাথর ভাঙ্গা মেশিন কে স্থানান্তরের নির্দেশ; সিরাজগঞ্জ জেলার এস এস ফ্লাওয়ার মিল এন্ড এস এস মদিনা চিপস মিল কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাগেরহাট, ঝিনাইদহ ও নওগাঁ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১৩,৩০০/- (তেরো হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৩ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৩,০০০/- (তেরো হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পঞ্চগড়, ঝিনাইদহ, মেহেরপুর, রাজবাড়ী, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের রামপুরা এবং মানিক মিয়া এভিনিউ এলাকায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৩ টি মামলার মাধ্যমে ৩৭,১০০/-(সাইত্রিশ হাজার একশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী, বর্জ্য পুড়িয়ে বায়ু দুষণ এবং টায়ার পাইরোলাইসিস দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের আফতাবনগর, মাহাতীরনগর কামরাঙ্গীরচর এবং ঢাকা জেলার সাভার এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যেমে ২১৫,০০০/- (দুই লক্ষ পনেরো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশ দেওয়া হয়। এছাড়াও সাভার এলাকায় ০১ টি টায়ার পাইরোলাইসিস কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাটির কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ অনুসারে জৈব সার উৎপাদন দ্বারা পরিবেশ দূষণের দায়ে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ১০,০০০/-(দশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় । বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে মাগুরা জেলায় মোট ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি অবৈধ ভাটা হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ইটভাটা বন্ধের নির্দেশনা প্রদান করা হয়।





**২১ অক্টোবর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে রাজশাহী জেলার এন এ ল্যাবরেটরীজ কে ৪ লক্ষ টাকা; মুন্সীগঞ্জ জেরার ওসাকা অটো ইন্ডাস্ট্রিজ কে ৫০ হাজার টাকা; মেসার্স নোয়াপাড়া ট্রেডিং কে ২ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার ইয়র্ক কম্পোজিট লিঃ কে ৭ লক্ষ ৫৯ হাজার ৬০০ টাকা; নেত্রকোনা জেলার মেসার্স আব্দুল কাদির অটোমেটিক রাইস মিল কে ২ লক্ষ টাকা; রংপুর জেলার রাহিন জেনারেল হাসপাতাল কে ৪০ হাজার টাকা; ফোকাস ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২৫ হাজার টাকা; নিউ বাংলাদেশ ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; বাংলাদেশ হাসপাতাল কে ৪০ হাজার টাকা; পাবনা জেলার সোহেল পোল্ট্রি ফার্ম কে বন্ধের নির্দেশ; নরসিংদী জেলার সুখী ডাইং ফিনিশিং মিলস লিৎ কে ১ লক্ষ টাকা; ঢাকা জেলার এস এল ইনোভেটিভ ইন্ডাস্ট্রিজ লিমিটেড কে ৫০ হাজার টাকা; তাকওয়া মেটাল ইন্ডাস্ট্রিজ কে ৫০ হাজার টাকা; পঞ্চগড় জেলার পিওয়র অয়েল স্টেশন ( ফিলিং স্টেশন) কে কার্যক্রম বন্ধের নির্দেশ; শরীয়তপুর জেলার তুবা মনি স মিল কে ১৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাগেরহাট ও শেরপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৮,০০০/- (আট হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩০৯ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক খুলনা ও ঢাকা মহানগরের বাংলা কলেজ মিরপুর এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচা-লনা করে ১৭ টি মামলার মাধ্যমে ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লালমনিরহাট, ঝিনাইদহ, চট্টগ্রাম মহানগর, খুলনা, নাটোর ঢাকা মহানগরের শ্যামলী এবং মানিক মিয়া এভিনিউ এলাকায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩২ টি মামলার মাধ্যমে ৪২,১০০/-(বিয়াল্লিশ হাজার একশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬১ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে খুলনা জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যেমে ৫০০/- (পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য






**২২ অক্টোম্বর ২০২৫** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার রিমসো ব্যাটারি এন্ড কোং প্রাঃ লিঃ কে ৯২ হাজার ৮২০ টাকা; রাসেল ওয়াশিং প্লান্ট কে ৪ লক্ষ ১২ হাজার ৮০০ টাকা; আম্বার সুপার পেপার মিলস লিঃ কে ১ লক্ষ ৬৫ হাজার ১২০ টাকা; মডেল ডি ক্যাপিটাল ইন্ডাঃ লিঃ কে ১ লক্ষ ৮৩ হাজার ১২০ টাকা; ঢাকা মহানগরের হাই কেয়ার জেনারেল হসপিটাল লিঃ কে ৫৭ হাজার ২৪ টাকা; ঢাকা রিজেন্সি হোটেল এন্ড রিসোর্ট কে ৪ লক্ষ ৬৩ হাজার ৬৮০ টাকা; রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন কে ১ লক্ষ ৭১ হাজার ৭২ টাকা; ঢাকা জেলার জালালাবাদ মেটাল লিঃ কে ২ লক্ষ ৬ হাজার ৬৪০ টাকা; বরিশাল জেলার অপসোনিন ফার্মা লিমিটেড কে ২৮ হাজার ৫৬০ টাকা; গাজীপুর জেলার মেসার্স রিফাত এন্টারপ্রাইজ কে স্থানান্তরের নির্দেশ; মেডিপ্যাথ হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১৫,০০০/- (পনের হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নীলফামারী, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, জামালপুর ও ঢাকা মহানগরের কাকরাইল এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৫ টি মামলার মাধ্যমে ২৩,৪০০/-(তেইশ হাজার চারশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৭ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে বাগেরহাট জেলায় মোট ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি অবৈধ ইটভাটার কিলন ভেঙ্গে ইটভাটাটির কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।





**২৩ অক্টোম্বর ২০২৫** তারিখে শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের রামপুরা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১৬,০০০/-(ষোল হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৭ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া ২৮ টি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) -এর ৪ ধারা অনুসারে ঢাকা মহানগরের মিরপুর এলাকায় মোট ১টি এনফোর্সমেন্ট/মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৩ টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয় একই সাথে কারখানার বৈদ্যুতিক মিটার ও বৈদ্যুতিক তার জব্দ করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**২৭ অক্টোবর ২০২৫** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঝিনাইদহ, ভোলা, বগুড়া, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের চকবাজার এলাকায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৯ টি মামলার মাধ্যমে ২৯৫,০০০/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়, ০২ জন কে বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়, ০২ টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানার উৎপাদন কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ৮,১৯৪ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের মিরপুর রোড, শাহবাগ ও টিকাটুলি এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৬ টি মামলার মাধ্যমে ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পঞ্চগড়, কিশোরগঞ্জ, সুনামগঞ্জ, ঠাকুরগাঁও, শরীয়তপুর, রংপুর ও ঢাকা মহানগরের টিকাটুলি এবং মানিক মিয়া এভিনিউ এলাকায় ০৮ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৬ টি মামলার মাধ্যমে ২৯,০০০/-(উনত্রিশ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে পঞ্চগড় ও ঢাকা মহানগরের কামরাঙ্গীরচর এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যেমে ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(খ) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান জেলায় পাহাড় কর্তনের দায়ে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং উপস্থিত সাধারণ জনগণ কে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।





২৮ অক্টোবর ২০২৫ তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা মহানগরের রেনেটা লিমিটেড কে ৯৪ হাজার ৪০০ টাকা; বেস্ট হেলথ ডায়াগনস্টিক লিমিটেড কে ৩০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার ওয়ান শিয়াং ইন্ডাস্ট্রিজ লিঃ কে ৮৬ হাজার ৪০০ টাকা; নরসিংদী জেলার চৌধুরী নীটওয়্যারস লিঃ কে ৮ লক্ষ ৩৭ হাজার টাকা; সিরাজগঞ্জ জেরার মেসার্স আমিনুল ইসলাম টেক্সটাইল মিল কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; গাজীপুর জেলার পেন্টাগন নীটকম লিমিটেড কে ৮ হাজার ৫৭৫ টাকা; নর্দান কর্পোরেশন লিঃ কে ৬৪ হাজার টাকা; জাবের এন্ড জুবায়ের ফেব্রিক্স লিঃ কে ১ কোটি ৭৪ লক্ষ ৭২ হাজার টাকা; দিশারী ওয়াশিং প্লান্ট লিঃ কে ৩ লক্ষ ১৬ হাজার ২৫০ টাকা; মডেল হোমিও কমপ্লেক্স প্রাঃ লিঃ কে ৫০ হাজার টাকা; চাঁপাইনবাবগঞ্জ জেলার দেশ মেডিকেল সেন্টার কে ৩০ হাজার টাকা; জারা ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা; রংপুর জেলার ইকো ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা এবং পঞ্চগড় জেলার জেম জুট লিমিটেড কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক নোয়াখালী জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬ টি মামলার মাধ্যমে ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের মানিক মিয়া এভিনিউ এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৭ টি মামলার মাধ্যমে ১৮,৫০০/-(আঠারো হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১১ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে টায়ার পাইরোলাইসিস দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা জেলার ধামরাই এলাকায় ০১ টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ০১ টি অবৈধভাবে পরিচালিত টায়ার পাইরোলাইসিস কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাটির কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী ঢাকা জেলার সাভার এলাকায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ০৩ টি অবৈধভাবে পরিচালিত ওয়াশিং কারখানার সেবা সংযোগ (গ্যাস, পানি ও বিদ্যুৎ) বিচ্ছিন্ন করে কারখানা ০৩ টির কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়।





**৩০ অক্টোবর ২০২৫** তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক সিরাজগঞ্জ ও খুলনা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৮৯ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ৩৩,৫০০/- (তেত্রিশ হাজার পাঁচশত টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নেত্রকোনা, বান্দরবান, বরিশাল, ঝিনাইদহ, নীলফামারী, খুলনা, পিরোজপুর, নারায়ণগঞ্জ ও ঢাকা মহানগরের কাকরাইল এলাকায় ০৯ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৩৪ টি মামলার মাধ্যমে ৪৮,৫০০/-(আটচল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৬৬ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে পঞ্চগড়, মুন্সীগঞ্জ ও ঢাকা মহানগরের মোহাম্মদপুর এলাকায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৮ টি মামলার মাধ্যেমে ৪৮,২০০/- (আটচল্লিশ হাজার দুইশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(খ) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান জেলায় পাহাড় কর্তনের দায়ে ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং উপস্থিত সাধারণ জনগণ কে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা ২০০৮ অনুসারে অবৈধভাবে পরিচালিত হাসপাতাল ডায়াগনস্টিক সেন্টারের বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক খুলনা জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী নরসিংদী জেলায় ০১টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ০৩ টি অবৈধভাবে পরিচালিত ডাইং ও ব্যাটারী কারখানার সেবা সংযোগ (গ্যাস ও বিদ্যুৎ) বিচ্ছিন্ন করে কারখানা ০৩ টির কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।



দৈনিক করতোয়া | বুধবার, ১৫ অক্টোবর ২০২৫

## অতিরিক্ত শব্দ সৃষ্টি করায় বগুড়ায় ৫টি যানবাহনকে জরিমানা

স্টাফ রিপোর্টার: পরিবেশ অধিদপ্তরের বাস্তবায়নাধীন 'শব্দ দূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশীদারিত্বমূলক প্রকল্পের' আওতায় গতকাল মঙ্গলবার বগুড়া জেলার বনানী এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এসময় মান মাত্রার অতিরিক্ত শব্দ সৃষ্টি করায় ৫টি যানবাহনকে মোট চার হাজার টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয় এবং হাইড্রোলিক হর্ণ জব্দ করে ধ্বংস করা হয়। অভিযান চলাকালে কিছু পরিবহনের চালকদেরকে ভবিষ্যতে হাইড্রোলিক হর্ণ ব্যবহার না করার জন্য সতর্ক করা হয়। এছাড়া শব্দদূষণ বিষয়ে সচেতনতামূলক লিফলেট বিতরণ ও পরিবহনের গায়ে স্টিকার লাগানো হয়। মোবাইল কোর্টে বিচারকের দায়িত্ব পালন করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট তাসনভয়ার তানজামুল হক এবং প্রসিকিউশন প্রদান করেন এ কার্যালয়ের পরিদর্শক মো: মাহমুদুল হাসান। এসময় জেলা পুলিশ, বগুড়া মোবাইল কোর্টে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ছিলেন। শব্দ দূষণ নিয়ন্ত্রণে চলমান এই অভিযান অব্যাহত থাকবে।

সম্পাদক ও প্রকাশক :



বিএসএস নিউজ | বুধবার | ০৪ মার্চ ২০২৬, ১৯ ফাল্গুন ১৪৩২

Archive EN

## সাতক্ষীরায় ৮০০ কেজি পলিথিন জব্দ ও জরিমানা ভ্রাম্যমাণ আদালতের

বাসস

১৬ অক্টোবর ২০২৫, ১৮:৫৭

আপডেট : ১৬ অক্টোবর ২০২৫, ২০:১১

ছবি : বাসস

সাতক্ষীরা, ১৬ অক্টোবর, ২০২৫ (বাসস) : জেলায় র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৬ ও জেলা প্রশাসনের অভিযানে ৮০০ কেজি পলিথিন জব্দ ও জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

আজ বৃহস্পতিবার দুপুর আড়াইটার দিকে শহরের ... মোড়স্থ জননী কুরিয়ার সার্ভিস থেকে এ পলিথিন গুলো জব্দ করা হয়। পরে ভ্রাম্যমান আদালতের বিচারক ও জেলা ...



প্রচ্ছদ স্বদেশ নারায়ণগঞ্জে শব্দদূষণবিরোধী অভি...

## নারায়ণগঞ্জে শব্দদূষণবিরোধী অভিযানে জরিমানা ও হর্ণ জব্দ

প্রকাশিত: বুধবার ১৫ অক্টোবর ২০২৫ | অনলাইন সংস্করণ

Share 17

শব্দদূষণ নিয়ন্ত্রণে অভিযান চালিয়েছে জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর। অদ্য (১৪ অক্টোবর) নারায়ণগঞ্জের সদর থানায় পরিচালিত এ অভিযানে ৫টি শব্দদূষণকারী যানবাহন থেকে ৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং ৪টি হর্ণ জব্দ করা হয়।

অভিযানটি পরিচালনা করেন নারায়ণগঞ্জের এক্সিকিউটিভ

শিরোনাম



দৈনিক জনকণ্ঠ

## শেরপুরে ২৩৩ কেজি অবৈধ পলিথিন জব্দ, জরিমানা

নিজস্ব সংবাদদাতা, শেরপুর

প্রকাশিত : ১৮:১৯, ২১ অক্টোবর ২০২৫

শ্রীবরদীতে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে অবৈধ পলিথিন জব্দ ও জরিমানা করা হয়।

শেরপুরের শ্রীবরদীতে পরিবেশ সুরক্ষা ও দূষণ নিয়ন্ত্রণে পরিবেশ অধিদপ্তর ও উপজেলা প্রশাসনের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ২৩৩ কেজি ... পর্যন্ত শ্রীবরদী উপজেলায় ওই অভিযান পরিচালনা করা

শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬ এর বিধি ৮(২), ১৮(২) অনুযায়ী নীরব এলাকায় হর্ণ বাজানোর অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

দৈনিক আলোকিত সকাল

প্রচ্ছদ স্বদেশ / শব্দ দূষণ রোধে নারায়ণগঞ্জে পরিবে...

## শব্দ দূষণ রোধে নারায়ণগঞ্জে পরিবেশ অধিদপ্তরের অভিযান

প্রকাশিত: সোমবার ২০ অক্টোবর ২০২৫ | অনলাইন সংস্করণ

Share 10 ফটোকার্ড



শব্দ দূষণ বন্ধে পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের উদ্যোগে আজ সদর উপজেলায় অভিযান পরিচালনা করা হয়। জেলা প্রশাসকের কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার মোঃ তারিকুল

শিরোনাম

## ভ্রাম্যমান আদালতের অভিযানে বান্দরবানে পাহাড় কাটার দায়ে জরিমানা

CHT VIEWS24 — অক্টোবর ৫, ২০২৫

No Comments 1 Min Read

Share



।। নিজস্ব প্রতিবেদক, ৫ অক্টোবর ২০২৫।।

ভ্রাম্যমান আদালতের অভিযানে বান্দরবানের কালাঘাটায় পাহাড় কাটার দায়ে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আজ রোববার দুপুরে বান্দরবান জেলা সদরের কালাঘাটা বাহাদুর নগর এলাকায় রাস্তারপাশে টিনের ঘেরাও দিয়ে অবৈধভাবে পাহাড় কাটা বন্ধে সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মারুফা সুলতানা খান হীরামণি নেতৃত্বে অভিযান চালায় ভ্রাম্যমান আদালত। অভিযানে চন্দন বড়ুয়া'কে পাহাড় কর্তনের দায়ে পরিবেশ

দৈনিক করতোয়া

দৈনিক করতোয়া | শুক্রবার, ১০ অক্টোবর ২০২৫

## বগুড়ায় শব্দ দূষণের দায়ে চারটি যানবাহনের জরিমানা

স্টাফ রিপোর্টার: পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'শব্দ দূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশীদারিত্বমূলক প্রকল্পের' আওতায় গতকাল বৃহস্পতিবার বগুড়া শহরতলির তিনমাথা এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। এসময় মাত্রাতিরিক্ত শব্দ সৃষ্টি করায় চারটি যানবাহনকে মোট ছয় হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং হাইড্রোলিক হর্ন জব্দ করে ধ্বংস করা হয়। সেইসাথে কয়েকজন পরিবহনের (৬ পৃঃ ৪ কঃ দ্রঃ)

সম্পাদক ও প্রকাশক :

দৈনিক করতোয়া | শুক্রবার, ১০ অক্টোবর ২০২৫

বগুড়ায় শব্দ দূষণের দায়ে

সম্পাদক ও প্রকাশক :

সোশ্যাল মিডিয়া

বিএসএস নিউজ

বুধবার | ০৪ মার্চ ২০২৬, ১৯ ফাল্গুন ১৪৩২

Archive EN



বাগেরহাটে অবৈধ ইটভাটায় অভিযান। ছবি : বাসস

বাগেরহাট, ২৩ অক্টোবর, ২০২৫ (বাসস): জেলার মোল্লাহাট থানার মেসার্স মানিক ব্রিকস নামের একটি অবৈধ ইটভাটায় অভিযান চালানো হয়েছে। এ সময় ইটভাটার কিলন ভেঙে দেওয়া হয়।

গতকাল বুধবার দুপুরে খুলনা বিভাগীয় পরিবেশ অধিদপ্তর কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মিজ মমতাজ বেগমের নেতৃত্বে পরিবেশ অধিদপ্তর এ অভিযান চালায়।

অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক আসাদুর রহমানের উদ্যোগে অভিযানে জেলা পুলিশ ও মোল্লাহাট থানা পুলিশ সহযোগিতা করে।

আসাদুর রহমান বাসসকে জানান, ইটভাটাটি অবৈধভাবে পরিচালিত হয়ে আসছিল। ভাটার চতুর্দিকে ১ কিলোমিটার দূরত্বের মধ্যে একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান ও ঘনবসতিপূর্ণ এলাকা রয়েছে। আগেও একাধিকবার ওই ইটভাটার কার্যক্রম বন্ধ করার নোটিশ প্রদান করা হয়।

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে



ভুইগড়ে পুকুর ভরাট কাজ বন্ধ করলো ভ্রাম্যমান আদালত





BHOLA PROKASH ভোলা প্রকাশ

শিরোনাম বেশীকে ফাসাতে মিথ্যা মামলা দিয়ে হয়

/ অভিযান, প্রশাসন, ফিচার, ভোলা

ভোলায় ৪৯৭ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ, দুই ব্যবসায়ীকে ৩৪ হাজার টাকা জরিমানা

NEWS ROOM / ১৩৩ বার ভিউ

আপডেট : শুক্রবার, ২৪ অক্টোবর, ২০২৫

শেয়ার



আজ ২৩ অক্টোবর ২০২৫ খ্রি., জেলা প্রশাসন, কুমিল্লা ও পরিবেশ অধিদপ্তর, কুমিল্লা জেলা কার্যালয়ের উদ্যোগে কুমিল্লা শহরের পালপাড়া এলাকায় নদীর পাশে কঠিন বর্জ্য... See more



প্রচ্ছদ স্বদেশ / নারায়ণগঞ্জে নিষিদ্ধ পলিথিন কারখা...

৮২৫ কেজি পলিথিন জব্দ, ৭০ হাজার টাকা জরিমানা

নারায়ণগঞ্জে নিষিদ্ধ পলিথিন কারখানায় অভিযান

প্রকাশিত: শুক্রবার ২৪ অক্টোবর ২০২৫ | অনলাইন সংস্করণ

Share 40 ফটোকার্ড

নারায়ণগঞ্জে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন ও মজুদকারীদের বিরুদ্ধে বিশেষ অভিযানে একটি প্রতিষ্ঠান থেকে প্রায় ৮২৫ কেজি নিষিদ্ধ পলিথিন শপিং ব্যাগ জব্দ ও ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে। একই সঙ্গে প্রতিষ্ঠানটির বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার টি.এম রাহসিন কবির এর নেতৃত্বে পরিচালিত এ অভিযানে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের কর্মকর্তা

শিরোনাম

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়